গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়
বিভাগীয় কার্যালয়, ময়মনসিংহ।
২১/এ, ক্ষিতিশ রায় রোড, কাঁচিঝুলি (জেল রোড), ময়মনসিংহ।
ই-মেইলঃ dncmymensinghdivision@gmail.com
ওয়েব সাইটঃ www.dnc.mymensinghdiv.gov.bd

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২৪-২০২৫ এর কর্মসম্পাদন সূচক ১.২ অনুযায়ী সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অতিরিক্ত পরিচালক মহোদয়ের সভাপতিত্বে ১০ সেপ্টেম্বর ২০২৪ তারিখ ১১:০০ ঘটিকায় অংশীজনের (stakeholders) অংশগ্রহণে অনুষ্ঠিত ১ম সভার রেকর্ড নোটস।

সভাপতি : মোঃ জাফরুল্ল্যাহ কাজল
অতিরিক্ত পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, ময়মনসিংহ।
তারিখ ও সময় : ১০ সেপ্টেম্বর, ২০২৪ বেলা ১১.০০ ঘটিকা।
সভার স্থান : মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, ময়মনসিংহ এর সম্মেলন কক্ষ।
সভায় উপস্থিতি : পরিশিষ্ট-'ক' দ্রষ্টব্য।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি বলেন যে, অফিসের কার্যক্রম সহজীকরণে জন্য হার্ড ফাইলের পরিবর্তে ডি-নথিতে চালু করতে হবে। বৈষম্য বিরোধী আন্দোলনের পরিপ্রেক্ষিতে বর্তমান সরকারের নীতি অনুযায়ী মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক জাতীয় শুদ্ধাচার কৌশল প্রণয়ন করা হয়। তিনি বলেন, গণমানুষের দোরগোড়ায় সরকারি সেবা পৌছে দেওয়ার বিষয়ে সরকার দৃঢ় প্রতিজ্ঞাবদ্ধ। সুশাসন প্রতিষ্ঠায় শুদ্ধাচার চর্চা অত্যন্ত জরুরি। প্রাতিষ্ঠানিক শুদ্ধাচার প্রতিষ্ঠায় ব্যক্তিগত শুদ্ধাচারও জরুরি। এক্ষেত্রে অংশীজনের (stakeholders) অংশগ্রহনে সভা করে প্রাপ্ত মতামত বিশ্লেষণের মাধ্যমে জাতীয় শুদ্ধাচার প্রতিষ্ঠার প্রত্যয় তিনি ব্যক্ত করেন।

০২। সভাপতি আরো বলেন, এধরণের সভার মূল উদ্দেশ্য হলো অংশীজনের বক্তব্য শ্রবণ এবং তৎপ্রেক্ষিতে সেবা সহজীকরণ।

০৩। অত:পর সভাপতির অনুমতিক্রমে উপপরিচালক, জেলা কাযালয়, ময়মনসিংহ উপস্থিত অংশীজনকে স্ব স্ব পরিচয় ব্যক্ত করে বক্তব্য প্রদানের জন্য অনুরোধ জানান । অত:পর নিম্নরুপভাবে আলোচনা/পর্যালোচনা করা হয় :

ক্রম.	অংশীজনের (stakeholders) বক্তব্য	অধিদপ্তরের কর্মকর্তা ও অংশীজনদের বক্তব্য
০১	'উইনার' মাদকাসক্ত নিরাময় কেন্দ্রের নির্বাহী পরিচালক, জনাব মাহমুদ হোসেন মনির জানান, নিরাময় কেন্দ্রে বেড সংখ্যার অতিরিক্ত রোগী রাখা যাবে কিনা?	অতিরিক্ত পরিচালক জনাব মোঃ জাফরুল্ল্যাহ কাজল বলেন, নিরাময় কেন্দ্রে বেড সংখ্যার অতিরিক্ত রোগী রাখা যাবে না। প্রয়োজনে বেড সংখ্যা বৃদ্ধির জন্য আবেদন করুন।
০২	রেজাউল আমিন বাবু জামালপুর সিএস এর লাইসেন্সী বলেন, মেথর পট্রিতে অবৈধ চোলাইমদ উৎপাদন ও বিক্রি বেড়ে গিয়েছে।	অতিরিক্ত পরিচালক জনাব মোঃ জাফরুল্ল্যাহ কাজল বলেন, এ ব্যাপারে সহকারী পরিচালক জামালপুরকে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার জন্য নির্দেশনা প্রদানসহ দ্রুত আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে।
০৩	খালেদ মাহমুদ চৌধুরী 'সেতু' নিরাময় কেন্দ্র তিনি বলেন চিকিৎসার মেয়াদ ৯০ দিন থাকে কিন্তু অভিভাবকরা কেউ ১৫ দিন কেউ ৩০ দিন চিকিৎসা করে নিয়ে যাওয়ার জন্য চেষ্টা করেন। ৯০ দিন ক্ষেত্র বিশেষে ৬ মাসের জন্য চিকিৎসা দিতে পারেন সে ব্যবস্থা করার জন্য অনুরোধ করেন।	মোহাম্মদ খোরশিদ আলম উপ-পরিচালক, জেলা কার্যালয় ময়মনসিংহ বলেন এটি প্রধান কার্যালয়ের সিদ্ধান্তের ব্যাপার প্রধান কার্যালয় হতে সিদ্ধান্ত পেলে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করা হবে।

০৪	দীপ এর পরিচালক মো: আরিফ সিদ্দিকী সুমন মনোরোগ বিশেষজ্ঞ ডাক্তারদের তার রোগীদের নিরাময় কেন্দ্রে চিকিৎসার জন্য পাঠানোর অনুরোধ করেন। তিনি রোগীর খরচ ফিক্সড করার জন্য অনুরোধ করেন।	সভাপতি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের আশ্বাস প্রদান করেন। সেইসাথে বিষয়টি নিয়ে আরও আলোচনা ও পর্যালোচনাপূর্বক সিদ্ধান্ত গ্রহণ করতে হবে।
০৫	শেরপুর দেশী মদের লাইসেন্সী মো: ওয়াজিদুজ্জামান চোলাই মদের বিরুদ্ধে কঠোর হওয়ার জন্য অতিরিক্ত পরিচালক মহোদয়কে অনুরোধ করেন।	অতিরিক্ত পরিচালক জনাব মোঃ জাফরুল্ল্যাহ কাজল বলেন, সহকারী পরিচালক শেরপুরকে চোলাই মদের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করার জন্য নির্দেশনা প্রদান করা হবে।
০৬	মানিক বাবু বলেন, কোন কোম্পানীর দাম বাড়ানোর কারণে দেশী মদের বিক্রি কম হচ্ছে। সরিষাবাড়ি অবৈধ চোলাইমদের কারণে দেশীমদ বিক্রি কম হচ্ছে। তিনি আরও বলেন, মেথররা তাদের আসল কাজ না করে, অবৈধ চোলাইমদ বিক্রির কাজটি করার প্রতি বেশি আগ্রহ দেখায়।	এ ব্যাপারে অতিরিক্ত পরিচালক জানান যে, সহকারী পরিচালক, জামালপুরকে এ বিষয়ে নিয়মিত অভিযান পরিচালনা করার জন্য নির্দেশ দেওয়া হয়েছে। জেলাওয়ারী অবৈধ চোলাই মদের স্পট একটি তালিকা তৈরি করে যে কোন পরিদর্শককে দায়িত্ব দেয়া যেতে পারে। স্পটের একটি ডাটাবেইজ তৈরী করতে হবে।

০৪। উপস্থিত অংশীজনের উদ্দেশ্যে অতিরিক্ত পরিচালক মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, ময়মনসিংহ বলেন, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর কর্তৃক শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২৪-২০২৫ অনুযায়ী সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে একটি তাৎপর্যপূর্ণ অবহিতকরণ সভা আয়োজনের জন্য তিনি সকলকে ধন্যবাদ জানান। তিনি বলেন, অধিদপ্তরের লাইসেন্স প্রাপ্ত দেশি/বিলাতী মদের দোকানগুলো পারমিটধারীর নিকট দেশি/বিলাতী মদ বিক্রির জন্য অনুরোধ করেন এবং বেসরকারী পর্যায়ে মাদকাসক্তি নিরাময় কেন্দ্র পুনর্বাসন কেন্দ্র, প্রতিষ্ঠা ও পরিচালনা বিধিমালা ২০২১ অনুযায়ী নিরাময় কেন্দ্রগুলো পরিচালনার জন্য সভাপতি নিরাময় কেন্দ্রের মালিকদের দৃষ্টি আকর্ষণ করেন। ইহা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য।

০৫। অতঃপর সভাপতি ২০২৪-২৫ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা এর কর্মসম্পাদন সূচকসমূহের লক্ষ্যমাত্রা যথাযথভাবে ও যথাসময়ে অর্জনে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে আন্তরিকতার সাথে সম্মিলিতভাবে কাজ করার আহ্বান করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ জাফরুল্ল্যাহ কাজল)
অতিরিক্ত পরিচালক
ফোনঃ ০২-৯৯৬৬৭১২৬৪।

নং ৫৮.০২.৪৫০০.০৬০.১৬.০১৮.২২- ৫৮৪

তারিখ: ০২ আশ্বিন, ১৪৩১ / ১৭ সেপ্টেম্বর, ২০২৪

বিতরণঃ

১। উপপরিচালক/সহকারী পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগীয় গোয়েন্দা কার্যালয়/ জেলা কার্যালয়, ময়মনসিংহ/ নেত্রকোণা/ জামালপুর/শেরপুর।

অনুলিপি সদয় অবগতির জন্যঃ

১। মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
২। পরিচালক (প্রশাসন/অপারেশন্স ও গোয়েন্দা/নিরোধ শিক্ষা/চিকিৎসা ও পুনর্বাসন), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
৩। অফিস কপি।

(মোঃ জাফরুল্ল্যাহ কাজল)
অতিরিক্ত পরিচালক
ফোনঃ ০২-৯৯৬৬৭১২৬৪।